

এবাডীনশায়ার কাউন্সিলের স্কুলগুলোর 'রুদিং গ্রান্ট' বা পোশাকের অনুদান সম্পর্কে আরো তথ্যের জন্য দয়া করে আপনার 'এরিয়া এডুকেশন অফিস' এর সাথে যোগাযোগ করবেন:

বানফ এন্ড বুচান এডুকেশন অফিস

St Leonard's
Sandyhill Road
Banff
Aberdeenshire
AB45 1BH
টেলি: 01261 813340

গেরিওক এডুকেশন অফিস

Gordon House
Blackhall Road
Inverurie
Aberdeenshire
AB51 3WA
টেলি: 01467 620981

মার, কিনকার্ডাইন এন্ড মিয়ার্গস এডুকেশন অফিস

Queens Road
Stonehaven
Aberdeenshire
AB39 2QQ
টেলি: 01569 766960

বিনামূল্যে স্কুলের খাবার

যে সব শিশুর বাবামা 'ইনকাম সাপোর্ট' বা অন্যান্য কিছু ধরনের বেনিফিট গ্রহণ করে, তারা বিনামূল্যে স্কুলের খাবার পেতে পারে। আপনার সন্তানের স্কুল থেকে আবেদনের ফরম ও তথ্যসম্বলিত লিফলেট পাওয়া যাবে।

এই লিফলেটটি পড়তে আপনার যদি কোন অসুবিধা হয় তাহলে দয়া করে আপনার এডুকেশন অফিসারের সাথে যোগাযোগ করবেন

**স্কুলের পোশাকের জন্য অনুদান
পাওয়ার উপায় সম্পর্কিত নির্দেশিকা**

**A guide on
how to obtain a
Schools Clothing
Grant**



Aberdeenshire 
COUNCIL

Education & Recreation

আমার সন্তান/সন্তানদের স্কুলের পোশাক পাওয়ার সাহায্যার্থে আমি কোন অনুদান পাওয়ার যোগ্য কি?

যে সব বাবামা/অভিভাবক নিম্নোক্তগুলো পেয়ে থাকেন সাধারণত তারা অনুদান পেতে পারেন:-

ইনকাম বেইজড জব সিকার্স এ্যালাউন্স, ইনকাম সাপোর্ট, রিটায়ারমেন্ট পেনশন, চাইল্ড ট্যাক্স ক্রেডিট, ডিজ্যাবলড পার্সনস ট্যাক্স ক্রেডিট অথবা ইমিগ্রেশন এন্ড এ্যাসাইলাম এ্যাক্ট ১৯৯৯ এর পার্ট VI এর অধীনে সাপোর্ট।

আমার সন্তানের বয়স কত হওয়া লাগবে?

স্কুল-বয়সী সব শিশুর জন্য পোশাকের অনুদানের ব্যবস্থা রয়েছে যেমন কোন একটি শিশু যখন এবাউনশ্যায়ার কাউন্সিলের স্কুলে পি১ শুরু করবে তখন থেকে শুরু করে স্কুল ত্যাগের অফিসিয়াল বয়স শেষ হওয়া পর্যন্ত সে অনুদান পাবে।

আমি 'স্কুল ক্লদিং গ্রান্ট' এর আবেদন ফরম কোথায় পেতে পারি?

আপনার সন্তান/সন্তানদের স্কুলে বা এই লিফলেটের অপর পাতায় উল্লিখিত আপনার এডুকেশন অফিস থেকে আপনি এই আবেদন ফরম পেতে পারেন।

আপনার একটির বেশী সন্তান থাকলে এবং তারা ভিন্ন ভিন্ন স্কুলে গেলে আপনাকে প্রতিটি স্কুলের জন্য পৃথক আবেদন ফরম পূরণ করতে হবে।

কি পরিমাণ অর্থ দেয়া হবে?

বর্তমানে প্রতি আর্থিক বছরের জন্য (১ এপ্রিল থেকে ৩১ মার্চ পর্যন্ত) সর্বোচ্চ £৫০.০০ দেয়া হয়।

আমাকে কি অতিরিক্ত কোন তথ্য দিতে হবে?

হ্যাঁ, আপনাকে আবেদন ফরমের সাথে প্রমাণাদি দাখিল করতে হবে।

আপনার বেনিফিট অফিস থেকে একটি সাম্প্রতিক স্টেটমেন্ট 'হাউ ইওর ইনকাম সাপোর্ট ইজ ওয়ার্কড আউট' সংগ্রহ করতে পারেন।

আপনি যদি কোন ধরনের ট্যাক্স ক্রেডিট পেতে থাকেন তাহলে আপনার 'ক্রেডিট এ্যাওয়ার্ড নোটিশ' এর এক কপি আমাদের লাগবে।

এটি ইনল্যান্ড রেভিনিউ আপনার কাছে পাঠায়।

ব্যাংক স্টেটমেন্ট গ্রহণযোগ্য নয়, কেননা এটি প্রয়োজনীয় সকল তথ্য দেয় না।

আমাকে কি স্কুল ইউনিফর্ম কিনতে হবে?

বাবামা/অভিভাবকগণকে স্কুল ড্রেস কোড অনুযায়ী পোশাক কিনতে গভীরভাবে অনুরোধ করা হচ্ছে। স্কুলের পোশাকের কিছু কিছু আইটেম আপনার সন্তান/সন্তানদের স্কুল থেকে কেনা যাবে।

আমার পূরণ করা আবেদন ফরম কাকে পাঠাবো?

আপনার সন্তান যে স্কুলে যাচ্ছে আপনাকে অবশ্যই পূরণ করা আবেদনপত্র সে স্কুলে পাঠাতে হবে। হেডটিচার খারা ৩ পূরণ ও স্বাক্ষর করবেন। পরে ফরমটি আপনার এডুকেশন অফিসে পাঠাবেন।

এটি কত সময় নিবে?

আপনার আবেদন ফরম ও আয়ের প্রমাণ পাওয়ার পরে এডুকেশন অফিস ৭ দিনের মধ্যে সিদ্ধান্ত নিয়ে থাকে। তবে, আয়ের প্রমাণ দাখিল করা না হলে অনুদান বিষয়ে সিদ্ধান্ত নিতে বেশী সময় লাগবে।

আমি যে তথ্যগুলো দিব সেগুলোর কি হবে?

আপনার দেয়া তথ্যগুলোর বিষয়ে কঠোর গোপনীয়তা অবলম্বন করা হবে এবং সেগুলো শুধুমাত্র আপনার এডুকেশন অফিসে থাকবে।

আবেদন ফরমের সাথে আপনি মূল যে কাগজপত্রগুলো দিবেন সেগুলো ফেরত দেয়া হবে।